

Le informazioni contenute nella presente comunicazione ed i relativi allegati possono avere caratteristiche riservate e sono destinate esclusivamente alle persone o alla Società indicate. La diffusione, la distribuzione e/o la copia della comunicazione (compresi gli allegati) trasmessa da parte di qualsiasi soggetto diverso dal/i destinatario/i è proibita, sia ai sensi dell'art. 616 c.p. , che ai sensi del Regolamento europeo 679/2016 in materia di protezione dei dati personali. Se avete ricevuto questo messaggio per errore vi preghiamo di distruggerlo e di informare immediatamente inviando un messaggio all'indirizzo e-mail info@italbangla.net

From: [ASSOCIAZIONE ITALBANGLA](#)

Sent: martedì 16 luglio 2019 23:55

To: [BD PROBASHI Minister for Expatriates](#); imran.ahmed.48@gmail.com

Cc: ps2minister@probashi.gov.bd; secretary@probashi.gov.bd; info@italbangla.net

Subject: ইতালীতে বাংলাদেশী নাগরিকের কর্ম বাজার পুন: উন্মুক্ত করনের লক্ষ্যে ইতালী ও বাংলাদেশ সরকারের মধ্যে ইমিগ্রেশন বিষয়ক দ্বিপাক্ষিক সমঝোতা স্বারক (M o U) প্রসংঙ্গে

মাননীয় মন্ত্রী মহোদয়,

আসসালামুয়ালাইকুম।

গত কাল আপনার অফিসে আপনার সাথে সাক্ষাতের সময় ইতালীর শ্রমবাজারে বাংলাদেশী শ্রমিকদের প্রবেশাধিকার স্থগিত হবার কারন জানা ও ইতালী সরকারের সাথে বাংলাদেশ সরকারের ইমিগ্রেশন ও কর্মসংস্থান সংক্রান্ত সমঝোতা স্বারক প্রসংঙ্গে আপনার আগ্রহের জন্য আন্তরিক ধন্যবাদ।

২০০৩ সাল হতে ২০১২ সাল পর্জন্ত ইতালী ও বাংলাদেশ সরকারের মধ্যে কোপ্রকার দ্বিপাক্ষিক সমঝোতা চুক্তি স্বাক্ষর ছাড়াই ২০০৩ সালে ততকালীন বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রীর ইতালী সফরের দুই পক্ষের আলোচনা পর সম্ভাব্য সমঝোতার প্রস্তাবের উপরে ভিত্তি করে একটানা ৯ বছর বাংলাদেশ হতে প্রায় এক লাখ বাংলাদেশী নাগরিক ইতালীতে কাজের অনুমতি নিয়ে মাইগ্রেশন করেছে। ২০১২ সালে ইতালী সরকার তাদের আভ্যন্তরিন তদন্তে ধরা পড়ে যে দুই দেশের সরকারী পর্জায়ে কোন প্রকার সমঝোতা চুক্তি ছাড়াই বাংলাদেশ অধিকার বহির্ভূত ভাবে ইতালীয় শ্রমবাজারে বিদেশী শ্রমিক আমাদনী কোটার সুযোগ ভোগ করে আসছে তখন হতে ইতালীতে বাংলাদেশী শ্রমিকদের ওয়ার্ক পারমিট প্রদান ও কোটা সিসটেমে বাংলাদেশের নাগরিকদের প্রদত্ত সুযোগ স্থগিত করা হয়। উল্লেখ্য যে দ্বিপাক্ষিক সমঝোতা চুক্তি থাকার কারনে অন্যান্য দেশের সাথে এশিয়ার দেশ যেমন ইন্ডিয়া, পকিস্তান, শ্রিলঙ্কা, আফগানিস্তান, ফিলিপাইন নাগরিক ইতালীর শ্রমবাজারে অব্যাহত ভাবে শ্রমিক প্রেরন সুবিধা পেয়ে আসছে।

সংযুক্ত ১ ও ২ :

২০০১ সালে বাংলাদেশ সরকারের প্রধান মন্ত্রীর কাছে ইতালী প্রবাসীদের পক্ষ হতে একটি স্বারক লিপি প্রদানের মাধ্যমে সরকারের প্রতিক্রিয়া ও আগ্রহের কারনে ২০০৩ সাল হতে ইতালীতে বাংলাদেশী নাগরিকদের জাতীয় শ্রমিক আমাদনীর কোটায় অন্তর্ভুক্তি সংক্রান্ত প্রস্তাব ও সুপারিশলিপির অনুবাদ কপি।

সংযুক্ত ৩ :

২০০৯ সালে বাংলাদেশ সরকারের প্রধান মন্ত্রীর কাছে ইতালী প্রবাসীদের পক্ষ হতে একটি স্বাক্ষর লিপি মাধ্যমে ততকালীন ইতালীর ইমিগ্রেশন সংক্রান্ত বিভিন্ন তথ্য উপাত্ত ও সমস্যা তুলে ধরা হয়।

সংযুক্ত ৪ :

২০১৪ ও ২০১৫ সালে ইতালীতে শ্রমবাজারে উন্মুক্ত করনে বাংলাদেশ সরকারের উদ্দ্যোগ কামনা করে আমাদের আবেদন।

মাননীয় মন্ত্রী মহোদয়,

আমরা দৃঢ় ভাবে বিশ্বাস করি যে, ইতালী সরকারের সাথে আলোচনা মাধ্যমে ইমিগ্রেশন সংক্রান্ত সমঝোতা স্বাক্ষর (MOU) করা গেলে তাদের দেশে বাংলাদেশী নাগরিকদের বিশাল সংখ্যক কর্মসংস্থান সম্ভব এবং আপনার উদ্দ্যোগের মাধ্যমে বাংলাদেশী জনগনের জন্য ইতালীর মত একটি ইউরোপীয় রাষ্ট্রে আবারো কর্ম সংস্থার দ্বার উন্মুক্ত হবে।

আপনার এ অবদানের কথা ইতালী প্রবাসীদের কাছে চির স্বরনীয় হয়ে থাকবে।

এ বিষয়ে ইতালীয় সরকারের বিভিন্ন দফতরের সাথে যোগাযোগ স্থাপন, প্রয়োজনীয় মিটিং, সেমিনার অর্গানাইজ করা ও ইমিগ্রেশন সংক্রান্ত আইনী তথ্য উপাত্ত সরবরাহ করা ও যে কোন প্রয়োজনে সহযোগীতা করতে আমরা প্রস্তুত আছি।

আপনার সু স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

বিনীত নিবেদনে।

শাহ মো: তাইফুর রহমান ছোটন

সভাপতি

ইতাল বাংলা সমন্বয় ও উন্নয়ন সমিতি

রোম ইতালী

বাংলাদেশ ফোন : ০১৩০ ৯৫৪৭৪৪৪

Mohammed Taifur Rahman Shah
President



United for Human Rights
and Human Development since 1992

ইতাল বাংলা সমন্বয় ও উন্নয়ন সমিতি
ASSOCIAZIONE COORDINAMENTO ITALBANGLA & SVILUPPO

Via Visconte Maggiolo 29-31, Roma, Italia

Tel. +393274953442 Email : info@italbangla.net www.italbangla.net

Bangladesh office : Scetion 6, Block D, Road 8, House 13, Mirpur, Dhaka Tel +8801715063157